

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ পুলিশ
ট্যুরিস্ট পুলিশ হেডকোয়ার্টার্স
ফারিস্ট টাওয়ার (লেভেল ৮, ৯ ও ১০)
৩৫, তোপখানা রোড, পুরানা পল্টন, ঢাকা-১০০০
www.tourist.police.gov.bd

স্মারকঃ- ৪৪.০১.২৬৬৭.৯৭৬.২০.২২.২৬- ৫৫২২

তারিখঃ ০৩-০৯-২০২৬ খ্রিঃ।

প্রতি

এআইজি (মিডিয়া এন্ড পিআর)
বাংলাদেশ পুলিশ
পুলিশ হেডকোয়ার্টার্স, ঢাকা।

বিষয়: পুলিশ ইউনিটসমূহের উল্লেখযোগ্য অর্জন/সাফল্য এবং ইতিবাচক সংবাদের তথ্য ও স্থিরচিত্র প্রেরণ প্রসঙ্গে।

সূত্র: স্মারক নং-৪৪.০১.০০০০.০৪৫.০৫.০১৪.২১(অংশ)-৪০৬(১০৪) তাং-২৬/১০/২৫খ্রি.

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, প্লানিং এন্ড অপারেশন শাখার “ক্রাইম এন্ড অপারেশন বিষয়ক” আগস্ট/২০২৬ খ্রি. মাসের উল্লেখযোগ্য সাফল্য ও গুরুত্বপূর্ণ ইতিবাচক সংবাদ (যেমন-চাঞ্চল্যকর/কু-লেস ঘটনার রহস্য, চিহ্নিত/শীর্ষ সন্ত্রাসী গ্রেফতার, উল্লেখযোগ্য সংখ্যক আগ্নেয়াস্ত্র/মাদক উদ্ধার) ও প্রাতিষ্ঠানিক অর্জন সংক্রান্ত চাহিত তথ্যাদি প্রস্তুত করত: পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য ধারাবাহিক ভাবে নিম্নে উপস্থাপন করা হলো।

উল্লেখযোগ্য সাফল্য ও গুরুত্বপূর্ণ ইতিবাচক সংবাদ

- চাঞ্চল্যকর/কু-লেস ঘটনার রহস্য: নাই।
- চিহ্নিত/শীর্ষ সন্ত্রাসী গ্রেফতার: নাই।
- উল্লেখযোগ্য সংখ্যক আগ্নেয়াস্ত্র/মাদক উদ্ধার: বিয়ার-০৪ ক্যান, ভারতীয় মদ-০২ বোতল মাদক উদ্ধার করা হয়।
- এছাড়াও উল্লেখযোগ্য প্রাতিষ্ঠানিক অর্জন: নিম্নরূপ

ক্রঃনং	ধরণ	বর্ণনা	স্থিরচিত্র
০১	দেশি-বিদেশী দর্শনার্থী ও পর্যটক: ৮১,৫৭,৬৫০ জন।	ট্যুরিস্ট পুলিশের অধিক্ষেত্রে অবস্থিত ১০৪ টি পর্যটন স্পটে সর্বমোট ৮১,৫৭,৬৫০ জন দেশি-বিদেশী দর্শনার্থী ও পর্যটকের সমাগম ঘটে। তন্মধ্যে দেশি দর্শনার্থী ৬৩,৫৮,০১৬ জন ও দেশি পর্যটক ১৭,৯৬,৫৯৭ জন এবং বিদেশী দর্শনার্থী ৭২৪ জন ও বিদেশী পর্যটক ৩১৩ জন।	 

শিশু উদ্ধার: ৪১ জন।	কক্সবাজারের বিভিন্ন সমুদ্র সৈকত, চট্টগ্রামের পতেঙ্গা সমুদ্র সৈকত ও দেশের বিভিন্ন উল্লেখযোগ্য পর্যটন স্পটে পর্যটনপ্রেমী ও ভ্রমণ পিপাসু দর্শনার্থী ও পর্যটকগণ স্বপরিবারে বেড়াতে এসে তাহাদের সাথে থাকা ছোট ছোট শিশু অসাবধানতাবশত হারিয়ে যায়। ট্যুরিস্ট পুলিশ সংবাদের ভিত্তিতে পর্যটন স্পটে মাইকিং ও খোঁজাখুঁজির মাধ্যমে শিশুদের উদ্ধার করে বৈধ অভিভাবকের নিকট হস্তান্তর করেন।	
মৃত দেহ উদ্ধার: ১১ জন।	বাংলাদেশ নদী মাতৃক দেশ। এদেশে রয়েছে বিশ্বের সর্ববৃহৎ সমুদ্র সৈকতসহ উল্লেখযোগ্য বেশ কিছু সমুদ্র সৈকত। যেখানে প্রতিনিয়ত বিপুল সংখ্যক সমুদ্রপ্রেমী দর্শনার্থী ও পর্যটকের সমাগম ঘটে। সমুদ্র সৈকতে গোসলে নেমে অনেকের সমুদ্রের তীব্র স্রোতে ভেসে গিয়ে অথবা তলিয়ে গিয়ে মৃত্যুবরণ করে। এছাড়াও বিভিন্ন স্থান হতে ভেসে আসা মৃতদেহ, ট্যুরিস্ট স্পটে ও রিসোর্টে বিভিন্ন কারণে মৃত্যুবরণ করা মৃতদেহ ট্যুরিস্ট পুলিশ উদ্ধার করে যথাযথ আইনী ব্যবস্থা গ্রহণ করে।	

০৩/০৯/২০২৬

পুলিশ সুপার (লিগ্যাল এন্ড মিডিয়া)
ট্যুরিস্ট পুলিশ হেডকোয়ার্টার্স, ঢাকা।

Email: tourist.sp.legal@police.gov.bd

স্মারকঃ- ৪৪.০১.২৬৬৭.৯৭৬.২০.২২.২৬- ৫৫২২/১৪)

তারিখঃ ০৩-০৯-২০২৬ খ্রিঃ।

অনুলিপি সদয় অবগতির জন্য প্রেরণ করা হল:

- ১। ডিআইজি, ট্যুরিস্ট পুলিশ, ঢাকা।
- ২। পুলিশ সুপার (প্রশাসন ও অর্থ) ট্যুরিস্ট পুলিশ হেডকোয়ার্টার্স, ঢাকা।
- ৩। স্টাফ অফিসার টু অতিঃ আইজিপি, ট্যুরিস্ট পুলিশ, বাংলাদেশ। (অতিঃ আইজিপি মহোদয়ের সদয় অবগতির জন্য)
- ৪। অফিস নথি।

০৩/০৯/২০২৬

পুলিশ সুপার (লিগ্যাল এন্ড মিডিয়া)
ট্যুরিস্ট পুলিশ হেডকোয়ার্টার্স, ঢাকা।

Email: tourist.sp.legal@police.gov.bd